গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

# আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ সংক্রান্ত আগস্ট-২০২১ ভিত্তিক ১ম দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ.বি.এম রুহুল আজাদ, অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও ভিডিও কনফারেন্স
তারিখ ও সময় : ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ রবিবার সকাল ১০:০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গত ১৮.০৭.২০২১ তারিখে সম্পন্ন হয় মর্মে সভায় অবহিত করেন। এছাড়াও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে এ বিভাগের অধীন ১টি নিয়ন্ত্রক সংস্থাসহ মোট ১৮টি দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিগত ৩০.০৬.২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ নির্দেশিকায় বর্ণিত এপিএ ক্যালেন্ডার মোতাবেক ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের (আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ব্যতীত) সবোর্চ্চ শতকরা ১০ ভাগ পর্যন্ত সূচকের সংশোধনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে যৌক্তিকতাসহ প্রেরণের নির্দেশনা রয়েছে মর্মে সভায় জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ) সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**আলোচনা:**

## ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২১) এর অগ্রগতি ও অর্জন পরিবীক্ষণ চলমান আছে। এ বিষয়ে অগ্রগতির তথ্য চেয়ে প্রতি ত্রৈমাসিক শেষে সংশ্লিষ্ট শাখা/অধিশাখা ও ৪টি নিয়ন্ত্রক সংস্থাসমূহকে পত্র দেয়ার বিষয়টি সভায় তুলে ধরা হয়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ গাইডলাইন ২০২১-২২ এর ১৪ নং পৃষ্ঠায় নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের মাসিক সমন্বয় সভায় এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা তুলে ধরার বিষয়ে সভায় আলোচনা হয়।

## ২। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ সংশোধন/হালনাগাদকরণ:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ সংশোধনের লক্ষ্যে যেসকল বিষয়ে আলোচনা হয় তা নিম্নরূপ:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | বার্ষিক লক্ষ্যমাত্রা | বিগত অর্থবছরের অর্জন | প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা | শাখা/ অধিশাখা | প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| [১.৪] ফাইন্যান্স কোম্পানি আইন প্রণয়ন | [১.৪.১] ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত | তারিখ | ২ | ৩০-০৫-২০২২ | নতুন | ৩১-১২-২০২১ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | লক্ষ্যমাত্রার পূর্বে অর্জন হওয়ার সম্ভাবনা |
| [১.৬] ব্যাংক কোম্পানি আইন সংশোধন | [১.৬.১] ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত | তারিখ | ২ | ৩০-০৪-২০২২ | নতুন | ৩১-১২-২০২১ | বাণিজ্যিক ব্যাংক শাখা | লক্ষ্যমাত্রার পূর্বে অর্জন হওয়ার সম্ভাবনা |
| [২.২] ব্যাংকের মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম তত্ত্বাবধান | [২.২.১] বিতরণকৃত কৃষিঋণ | হাজার কোটি টাকা | ২ | ২৪ | ২৫.৫১ | ২৭ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| | [২.২.৩] বিতরণকৃত এসএমই ঋণ | হাজার কোটি টাকা | ২ | ১৬৫ | ১৬৬ | ১৬৬ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | বার্ষিক লক্ষ্যমাত্রা | বিগত অর্থবছরের অর্জন | প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা | শাখা/ অধিশাখা | প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| [২.৩] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ কার্যক্রম তত্ত্বাবধান | [২.৩.১] বিতরণকৃত ঋণের পরিমাণ | কোটি টাকা | ২ | ৭৪৫ | ৮৪৫.৮৬ | ৮৪৬ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| | [২.৩.২] নতুন উদ্যোক্তার সংখ্যা | সংখ্যা (হাজার) | ১ | ১১.৫০ | ১৯.২৭ | ২০ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| [২.৪] এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | [২.৪.১] নতুন গ্রাহক সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ১ | ২৩.৫০ | ৪৮.১৩ | ৫০ | কেন্দ্রীয় ব্যাংক শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| [৩.২] মূলধন উত্তোলনের লক্ষ্যে আইপিও/ আরপিও/ রাইট/ ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ | [৩.২.১] আইপিও/ আরপিও/ রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকৃত | সংখ্যা | ২ | ২০ | ৪০ | ৩০ | বিএসইসি শাখা | অর্জনের হার কোম্পানির আবেদনের উপর নির্ভরশীল বিবেচনায় বৃদ্ধির প্রস্তাব |
| [৩.৩] CMDP-III প্রকল্পের আওতায় BSEC অটোমেশন বাস্তবায়ন | [৩.৩.১] বাস্তবায়নের হার | % | ২ | ৮০ | ৫০ | ৯০ | বিএসইসি শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| [৪.৩] বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ২ | ৮০০ | ১০৬৪ | ১১০০ | বীমা শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| [৪.৪] বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি | [৪.৪.১] আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার | সংখ্যা | ১ | ৮ | ১২ | ১২ | বীমা শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |
| [৫.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় কার্যক্রম তত্ত্বাবধান | [৫.১.২] আদায়কৃত ক্ষুদ্রঋণ | হাজার কোটি টাকা | ৩ | ১৫২.৫ | ১৫১.৫ | ১৫৪ | এমআরএ শাখা | অর্জনের হার বিবেচনায় লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব |

উল্লেখ্য, ২০২১-২২ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা নিয়ন্ত্রক সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত প্রভিশনাল প্রতিবেদনের উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়েছিল বিধায় বর্তমানে প্রাপ্ত অর্জনের চেয়ে বিদ্যমান লক্ষ্যমাত্রা অনেকাংশে কম পরিলক্ষিত হচ্ছে যা হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়।

**৩। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংশোধন/হালনাগাদকরণ:**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের এপিএ সংশোধনের লক্ষ্যে নিম্নরূপ বিষয়ে আলোচনা হয়:

| দপ্তর/সংস্থা | ক্রমিক | কর্মসম্পাদন সূচক | বার্ষিক লক্ষ্যমাত্রা | বিগত অর্থবছরের অর্জন | প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা | প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|
| **সোনালী ব্যাংক লিমিটেড** | ১ | [১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ | ৬০০ কোটি টাকা | ৯৫৯.৪২ কোটি টাকা | ৯০০ কোটি টাকা | বিগত অর্থবছরের এপিএ এর বার্ষিক অর্জন বিবেচনায় |
| | ২ | [১.৩.১] শিল্প ও সার্ভিস সেক্টরে বিতরণকৃত চলতি মূলধন ঋণ (COVID-19)- এ ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য] | ১৪০০ কোটি টাকা | ১৪০০.৬৫ কোটি টাকা | ১১৫৫ কোটি টাকা | বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত সর্বোচ্চ লক্ষ্যমাত্রা বিবেচনায় |

| দপ্তর/সংস্থা | ক্রমিক | কর্মসম্পাদন সূচক | বার্ষিক লক্ষ্যমাত্রা | বিগত অর্থবছরের অর্জন | প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা | প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|
| জনতা ব্যাংক লিমিটেড | ১ | [১.২.২] আদায়কৃত এসএমই ঋণ | ২০০০ কোটি টাকা | ১৬৩৪.৩৪ কোটি টাকা | ১৮০০ কোটি টাকা | কোভিড-১৯ এর প্রভাবে ঋণ আদায় অনেক মন্থর গতিতে হচ্ছে। |
| | ২ | [২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাস | ১১০০০ কোটি টাকা | ১৩৬৯২.৮৮ কোটি টাকা | ১২০০০ কোটি টাকা | কোভিড-১৯ এর কারণে শ্রেণীকৃত ঋণ হতে আদায়ের সম্ভাবনা কম থাকায় এক অর্থবছরে শ্রেণিকৃত ঋণের স্থিতি ২৬৯৩কোটি টাকা হ্রাস করা সম্ভব নাও হতে পারে। |
| | ৩ | [৫.১.২] নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণকৃত এসএমই ঋণের পরিমাণ | ৫০ কোটি টাকা | ৩৩.৩৩ কোটি টাকা | ৪৫ কোটি টাকা | কোভিড-১৯ এর প্রভাবে ক্ষুদ্র ও মাঝারি সহ বিভিন্ন খাতে কাঙ্খিত বিনিয়োগের পরিমাণ কম হওয়ার সম্ভাবনা আছে। |
| অগ্রণী ব্যাংক লিমিটেড | ১ | [২.১.২] শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায় | ৪০০ কোটি টাকা | ২৫২ কোটি টাকা | ৩৬০ কোটি টাকা | বিগত অর্থবছরের অর্জন ও কোভিড-১৯ মহামারি পরিস্থিতি বিবেচনায় শতভাগ অর্জনের লক্ষ্যে সংশোধন প্রস্তাব সদয় বিবেচনার জন্য অনুরোধ করা হলো। |
| | ২ | [২.২.২]অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায় | ৮০ কোটি টাকা | ৫০ কোটি টাকা | ৭২ কোটি টাকা | |
| | ৩ | [২.৩.২] পরিচালন মুনাফা অর্জন | ৮০০ কোটি টাকা | ৬০৩ কোটি টাকা | ৭২০ কোটি টাকা | |
| রূপালী ব্যাংক লিমিটেড | ১ | [১.৩.১] শিল্প ও সার্ভিস সেক্টরে বিতরণকৃত চলতি মূলধন ঋণ (COVID-19)- এ ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য | ১০০০ কোটি টাকা | ৮৩৯ কোটি টাকা | ৭৫০ কোটি টাকা | চলমান কোভিড-১৯ পরিস্থিতি ব্যাংকিং ব্যাবসায় নতুন নতুন চ্যালেঞ্জ সৃষ্টি করেছে। উক্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করার জন্য প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা যৌক্তিক হবে। |
| | ২ | [২.১.২] আদায়কৃত অর্থ (শ্রেণীকৃত ঋণ হতে) | ১৪০ কোটি টাকা | ৬৭.২৯ কোটি টাকা | ৭০ কোটি টাকা | বিশ্বব্যাপী দুই বছর যাবত চলমান অতিমারী কোভিড-১৯ এর কারণে ব্যবসা বাণিজ্য ক্ষতিগ্রস্ত হওয়ায়, ব্যাংকের সামগ্রিক খেলাপী ঋণ আদায় কাঙ্খিত লক্ষ্যমাত্রায় অর্জন সম্ভব হয়নি। |
| | ৩ | [২.২.১] অবলোপনকৃত ঋণের স্থিতি হ্রাস | ৫০০ কোটি টাকা | ৫৯৫.১৬ কোটি টাকা | ৫৯০ কোটি টাকা | বিশ্বব্যাপী দুই বছর যাবত চলমান অতিমারী কোভিড-১৯ এর কারণে ব্যবসা বাণিজ্য ক্ষতিগ্রস্ত হওয়ায়, অবলোপনকৃত ঋণ হিসাবসমূহ হতে আদায় কার্যক্রম সন্তোষজনক নয়। এতে করে অবলোপনকৃত ঋণের স্থিতি কাঙ্খিত লক্ষ্যমাত্রায় অর্জন সম্ভব নয়। |
| বেসিক ব্যাংক লিমিটেড | ১ | [২.১.২] শ্রেণিকৃত ঋণ হতে আদায়কৃত অর্থ | ১২৫ কোটি টাকা | ৪৭.৭৬ কোটি টাকা | ১০০ কোটি টাকা | বিগত অর্থবছরে শ্রেণিকৃত ঋণ হতে আদায়ের লক্ষ্যমাত্রা ১২৫ কোটি টাকার বিপরীতে আদায় ছিলো ৪৭.৭৬ কোটি টাকা এবং অবলোপনকৃত ঋণ হতে আদায়ের লক্ষ্যমাত্রা ১০ কোটির বিপরীতে আদায় ছিলো ০.৮৮ কোটি টাকা। করোনা পরিস্থিতির কারণে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণ পরিশোধে ছাড় প্রদানের কারণে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা কষ্টসাধ্য ছিলো বিধায় প্রত্যাশিত পরিমাণে ঋণ আদায় সম্ভব হয়নি। তবে ঋণ আদায়ের জন্য বর্তমানে আমরা সার্বিক কার্যক্রম জোরদার করেছি যার ফলশ্রুতিতে প্রত্যাশিত পরিমাণে ঋণ আদায় না হলেও তা বিগত বছরের তুলনায় অনেক বৃদ্ধি পাবে। |
| | ২ | [২.২.২] অবলোপনকৃত ঋণ হতে আদায়কৃত অর্থ | ১০ কোটি টাকা | ০.৮৮ কোটি টাকা | ৫ কোটি টাকা | |
| | ৩ | [২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা | ৮ কোটি টাকা | -৪৪০.৫৩ কোটি টাকা | -৪০০.০০ কোটি টাকা | করোনা পরিস্থিতি, ৯% সুদ কার্যকরণসহ নানাবিধ কারণে গত অর্থবছরে প্রত্যাশিত পরিচালন মুনাফা অর্জন সম্ভব হয়নি। তবে ব্যাংকের আয় বৃদ্ধির সার্বিক কার্যক্রম জোরদার করা হয়েছে যার ফলশ্রুতিতে বিগত বছরের তুলনায় চলতি অর্থবছরে আয় বৃদ্ধি পাবে বলে আমরা প্রত্যাশা করছি। |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ১ | [৩.২.১] পরিদর্শন আপত্তি নিষ্পত্তি (বাংলাদেশ ব্যাংক) | ১৮০০ | ১৯২১ | ১৬০০ | ৩০ জুন ২০২১ হিসাব সমাপনী শেষে বিকেবি'র অবশিষ্ট বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তির সংখ্যা ছিল ১৪৬৬ টি। অন্যদিকে এপিএ চুক্তি ২০২১-২০২২ মোতাবেক বিকেবি'র লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১৮০০ টি, যা মোট স্থিতি থেকে ৩৩৪ টি বেশি। |

| দপ্তর/সংস্থা | ক্রমিক | কর্মসম্পাদন সূচক | বার্ষিক লক্ষ্যমাত্রা | বিগত অর্থবছরের অর্জন | প্রস্তাবিত বার্ষিক লক্ষ্যমাত্রা | প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরিদর্শন আপত্তি নিষ্পত্তি একটি চলমান প্রক্রিয়া। প্রতি অর্থ বছরে নতুন করে পরিদর্শন আপত্তি যোগ হলেও বছরের শেষ দিকে উত্থাপিত আপত্তিসমূহ চলতি অর্থবছরে নিষ্পত্তি হয়না। অতএব, লক্ষ্যমাত্রার তুলনায় স্থিতি কম হওয়ায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন কোনভাবেই সম্ভব নয়। অতএব, সার্বিক বিবেচনায় নতুন প্রস্তাবিত লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো। |
| **প্রবাসী কল্যাণ ব্যাংক** | ১ | [৩.৩.১] মামলা নিষ্পত্তির হার | ১৩ শতাংশ | ৭.৪ শতাংশ | ১১.৭ শতাংশ | কোভিড-১৯ পরিস্থিতির কারণে দীর্ঘদিন বিজ্ঞ আদালতসমূহের কার্যক্রম বন্ধ থাকা। |
| **রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক** | ১ | [১.৪.১] বিতরণকৃত এসএমই ঋণ | ৪০০ কোটি টাকা | ৩০৭.১৬ কোটি টাকা | ৩৬০ কোটি টাকা | বিগত অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন না হওয়া। |
| | ২ | [২.২.১] আদায়কৃত অন্যান্য ঋণ | ২১৪৬ কোটি টাকা | ৮৫০ কোটি টাকা | ১৯৩২ কোটি টাকা | বিগত অর্থবছরে তুলনায় লক্ষ্যমাত্রা অধিক হওয়ায় এবং করোনা পরিস্থিতিতে কাঙ্খিত পরিমাণ আদায় হওয়ার সম্ভাবনা কমে যাওয়া। |
| **সাধারণ বীমা কর্পোরেশন** | ১ | [১.১.৩] প্রিমিয়াম আয় (বেসরকারি) কোটি টাকা | ২৩ কোটি টাকা | ২০ কোটি টাকা | ২০.৭ কোটি টাকা | ক) প্রাইভেট পাওয়ার প্লান্ট এর প্রিমিয়াম বাবদ টাকা প্রায় ৯ (নয়) কোটি টাকা ব্যবসা হওয়ায় প্রিমিয়াম আয় (বেসরকারি) বেশি হয়েছে। খ) সড়ক পরিবহন আইন ২০১৮-তে তৃতীয় পক্ষের (Third party insurance) বীমা রহিত করার কারণে মোটর বীমা পলিসি ইস্যুর সংখ্যা কমে গিয়েছে। |

**সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনা শেষে যেসকল বিষয়ে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয় তা নিম্নরূপ:**

**ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ ২০২১-২২ লক্ষ্যমাত্রা সংশোধনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ: | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এপিএ গাইডলাইন ২০২১-২২ এর ১৪ নং পৃষ্ঠায় নির্দেশনা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান মাসিক সমন্বয় সভায় এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ অগ্রগতি তুলে ধরতে হবে এবং বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করতে হবে। | এপিএ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২. | ২০২১-২২ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা নির্ধারণের সময় প্রভিশনাল অর্জনের উপর ভিত্তি করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল বিধায় বর্তমানে প্রাপ্ত অর্জনের চেয়ে বিদ্যমান লক্ষ্যমাত্রা অনেকাংশে কম পরিলক্ষিত হচ্ছে যা সংশোধন/হালনাগাদ করতে করতে হবে। | এপিএ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৩. | [১.৪.১] ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৩০-০৫-২০২২ এর স্থলে ৩১-১২-২০২১ তারিখ পুন:নির্ধারণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৪. | [১.৬.১] ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৩০-০৪-২০২২ এর স্থলে ৩১-১২-২০২১ তারিখ পুন:নির্ধারণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৫. | [২.২.১] বিতরণকৃত কৃষিঋণ বিষয়ক লক্ষ্যমাত্রা ২৪ হাজার কোটি টাকার স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ২৭ হাজার কোটি টাকায় পুন:নির্ধারণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৬. | [২.২.৩] বিতরণকৃত এসএমই ঋণ বিষয়ক লক্ষ্যমাত্রা ১৬৫ হাজার কোটি টাকার স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ১৬৬ হাজার কোটি টাকায় পুন:নির্ধারণ করার অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধনী প্রস্তাব প্রেরণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৭. | [২.৩.১] নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণকৃত এসএমই ঋণের পরিমাণ বিষয়ক লক্ষ্যমাত্রা ৭৪৫ কোটি টাকার স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ৮৪৬ কোটি টাকায় পুন:নির্ধারণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৮. | [২.৪.১] এজেন্ট ব্যাংকিং এ নতুন গ্রাহক সংখ্যা বিষয়ক লক্ষ্যমাত্রা ২৩.৫০ লক্ষ জনের স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ৫০ লক্ষ জনে পুন:নির্ধারণ করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ: | বাস্তবায়নে |
|---|---|---|
| ৯. | [৩.২.১] আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকৃত বিষয়ক লক্ষ্যমাত্রা ২০ টির স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ৩০টিতে পুন:নির্ধারণ করতে হবে। | বিএসইসি শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১০. | [৩.৩.১] CMDP-III প্রকল্পের আওতায় BSEC অটোমেশন বাস্তবায়নের হার বিষয়ক লক্ষ্যমাত্রা ৮০% এর স্থলে বৃদ্ধি করে ৯০% এ পুন:নির্ধারণ প্রেরণ করতে হবে। | বিএসইসি শাখা, প্রকল্প শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১১. | [৪.৩.১] বীমা বিষয়ে প্রশিক্ষিত জনবল সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৮০০ জন এর স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ১১০০ জন এ পুন:নির্ধারণ করতে হবে। | বীমা শাখা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১২. | [৪.৪.১] বীমা বিষয়ে আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৮টির স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ১২টিতে পুন:নির্ধারণ করতে হবে। | বীমা শাখা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১৩. | [৫.১.২] আদায়কৃত ক্ষুদ্রঋণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা ১৫২.৫০ হাজার কোটি টাকার স্থলে বিগত অর্থবছরের অর্জন বিবেচনায় বৃদ্ধি করে ১৫৪ হাজার কোটি টাকায় পুন:নির্ধারণ করতে হবে। | এমআরএ শাখা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১৪. | মন্ত্রিপরিষদ বিভাগের সংশোধনী প্রস্তাব প্রেরণ সংক্রান্ত পত্রের নির্দেশনা অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহের ভিত্তিতে এ বিভাগের ১০% সংশোধনী প্রস্তাব বিবেচনায় এনে সংশোধন/হালনাগাদকরণের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (এপিএ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

**খ) অধীন দপ্তর/সংস্থার এপিএ ২০২১-২২ লক্ষ্যমাত্রা সংশোধনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ: | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগের সংশোধনী প্রস্তাব প্রেরণ সংক্রান্ত পত্রের নির্দেশনা অনুযায়ী সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বেসিক ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও সাধারণ বীমা কর্পোরেশন এর প্রস্তাবনার পরিপ্রেক্ষিতে ১০% সংশোধনী প্রস্তাব বিবেচনায় এনে সংশোধন/হালনাগাদকরণের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (এপিএ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

**গ) সভায় বিস্তারিত আলোচনা শেষে অন্যান্য যেসকল বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় তা নিম্নরূপ:**

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ: | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ তে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য '**মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২**' বাস্তবায়ন ও এতদবিষয়ে গৃহীত কার্যক্রম বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী ৫ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে এপিএ টিম প্রধান এর নিকট প্রেরণ করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ফোকাল পয়েন্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ তে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য '**মন্ত্রণালয়/বিভাগের ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা ২০২১-২২**' বাস্তবায়ন ও এতদবিষয়ে গৃহীত কার্যক্রম বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী ৫ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে এপিএ টিম প্রধান এর নিকট প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম ও ই-গভর্ন্যান্স ফোকাল পয়েন্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ তে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য '**মন্ত্রণালয়/বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্ম-পরিকল্পনা, ২০২১-২২**' বাস্তবায়ন ও এতদবিষয়ে গৃহীত কার্যক্রম বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী ৫ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে এপিএ টিম প্রধান এর নিকট প্রেরণ করতে হবে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) ফোকাল পয়েন্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৪. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ তে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য '**মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা, ২০২১-২২**' বাস্তবায়ন ও এতদবিষয়ে গৃহীত কার্যক্রম বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী ৫ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে এপিএ টিম প্রধান এর নিকট প্রেরণ করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ফোকাল পয়েন্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ: | বাস্তবায়নে |
|---|---|---|
| ৫. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ তে উল্লিখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য '**মন্ত্রণালয়/বিভাগের তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা, ২০২১-২২**' বাস্তবায়ন ও এতদবিষয়ে গৃহীত কার্যক্রম বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী ৫ কার্যদিবসের মধ্যে এপিএ টিম প্রধান এর নিকট প্রেরণপূর্বক সচিব মহোদয়কে অনুলিপি প্রেরণ করতে হবে। | তথ্য অধিকার (RTI) ফোকাল পয়েন্ট আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৬. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ক কমিটি পুন:গঠন এবং অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য আগামী ৫ কার্যদিবসের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন এবং এপিএ টিম প্রধান এর নিকট এতদসংক্রান্ত তথ্য প্রেরণপূর্বক সচিব মহোদয়কে অনুলিপি প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৭. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের নিমিত্ত শ্রেণিকৃত ঋণের হার হ্রাসকরণের উদ্দেশ্যে সভা আয়োজন ও উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | কেন্দ্রীয় ব্যাংক শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৮. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের নিমিত্ত পুঁজিবাজারের বিনিয়োগ বৃদ্ধির উদ্দেশ্যে সভা আয়োজন ও উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | বিএসইসি শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৯. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের নিমিত্ত বীমা দাবী নিস্পত্তির হার বৃদ্ধির উদ্দেশ্যে সভা আয়োজন ও উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | বীমা শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৯/২১

(এ.বি.এম রুহুল আজাদ)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নম্বর: ৫৩.০০.০০০০.২১২.৩১.০০২.২১-১৭৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮ / ২৮ সেপ্টেম্বর ২০২১

**<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট সকল রেগুলেটরি অথরিটি [দৃ.আ: এপিএ ফোকাল পয়েন্টগণ]।
২। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন মূল্যায়ন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮। প্রোগ্রমার (আইসিটি সেল) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব (এপিএ টিম প্রধান) এর ব্যক্তিগত কমকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

28.09.2021

(মাকছুমা আকতার বানু)
উপসচিব
ফোন: ৯৫৪৬৩৩৩